বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৮ তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ / ২৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ গ্রীসে IOSCO-এর বার্ষিক সভা, Monetary Authority of Singapore ও Securities and Futures Commission, Hong Kong ও Astana Financial Services Authority (AFSA) এর সাথে দ্বিপাক্ষিক সভা এবং International Financial Services Centers Authority এর সাথে MoU স্বাক্ষর।**

২৬-২৯ মে ২০২৪ সময়কালে গ্রিসের রাজধানী এথেন্সে International Organization of Securities Commissions (IOSCO) এর ৪৯ তম বার্ষিক সভা অনুষ্ঠিত হচ্ছে। গত ২৬ মে ২০২৪ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান (সিনিয়র সচিব), IOSCO এর Asia-Pacific Regional Committee (APRC) এর ভাইস-চেয়ার এবং IOSCO বোর্ড এর সদস্য অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম Asia-Pacific Regional Committee (APRC) এর সভায় অংশগ্রহণ করেন। উক্ত APRC এর সভায় অংশগ্রহণের মাধ্যমে তিনি APRC এর ভাইস-চেয়ার হিসেবে টানা দ্বিতীয় মেয়াদে দায়িত্বভার গ্রহণ করেন। অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম তার শুভেচ্ছা বক্তব্যে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ ও টেকসই পুঁজিবাজার গঠনে এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদস্য দেশগুলোর একযোগে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়াও উক্ত সভায় এশিয়া-প্যাসিফিক অঞ্চলের বিভিন্ন দেশের পুঁজিবাজার সংক্রান্ত বিভিন্ন আইন-কানুন, বিধিমালা, চলমান পরিস্থিতি, ঝুঁকি, সমস্যা ও তা থেকে উত্তরণের উপায় সহ পুঁজিবাজারের সার্বিক উন্নতির বিষয়ে আলোচনা হয়।

এদিন Monetary Authority of Singapore (MAS) এর সহকারী ব্যবস্থাপনা পরিচালক (ক্যাপিটাল মার্কেটস) জনাব লিম টং লি এর সাথে বিএসইসি চেয়ারম্যান একটি দ্বিপাক্ষিক সভায় অংশগ্রহণ করেন। উক্ত দ্বিপাক্ষিক সভায় MAS ও বিএসইসি এর মধ্যে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে একসাথে কাজ করার আশাবাদ ব্যক্ত করা হয়, যার মধ্যে গ্রীন অ্যান্ড সাসটেইনেবল ফাইন্যান্স অন্যতম।

একইসাথে এদিন বিএসইসি'র চেয়ারম্যান ও APRC এর ভাইস-চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং Securities and Futures Commission, Hong Kong এর প্রধান নির্বাহী অফিসার (CEO) ও APRC এর নতুন চেয়ার Ms. Julia Leung এর মধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় APRC এর ভাইস-চেয়ার ও নতুন চেয়ার একসাথে APRC কে আগামীতে কিভাবে আরো এগিয়ে নেয়া যেতে পারে তা নিয়ে আলোচনা হয়। উল্লেখ্য, আজকের APRC এর সভায় যোগদানের মাধ্যমে SFC, Hongkong এর প্রধান নির্বাহী অফিসার (CEO) Ms. Julia Leung এপিআরসি (APRC) এর নতুন চেয়ার হিসাবে এবং বিএসইসি চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম টানা দ্বিতীয় মেয়াদে ভাইস-চেয়ার হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন।

একই দিনে, ভারতের গুজারাটে অবস্থিত International Financial Services Centers Authority (IFSCA) এর সাথে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর মধ্যকার একটি দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের মধ্যে দিয়ে বিএসইসি ও IFSCA, ভারতের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। উল্লেখ্য যে, IOSCO এর বার্ষিক সভা সহ অন্যান্য অনুষ্ঠানে ফলপ্রসূ আলোচনা ও মতামত তুলে ধরার জন্য কমিশনের চেয়ারম্যান মহোদয়ের সাথে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের পরিচালক মিসেস ফারহানা ফারুকীও যোগদান করেন।

আজ মঙ্গলবার, ২৮ মে ২০২৪ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) গ্রিসের রাজধানী এথেন্সে IOSCO এর ৪৯ তম বার্ষিক সভার "Presidents Committee" এর সভা ও "Monitoring Group" এর সভা-তে অংশগ্রহণ করে। "Presidents Committee" এর সভা ও "Monitoring Group" এর সভা IOSCO এর উচ্চ পর্যায়ের দুটি সভা যেখানে IOSCO এর গুরুত্বপূর্ণ পলিসি ও সিদ্ধান্তসমূহ নিয়ে আলোচনা হয়।

একই দিনে, Astana Financial Services Authority (AFSA), কাজাখস্তান এর একটি প্রতিনিধি দলের সাথে বিএসইসি এর একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত দ্বিপাক্ষিক সভায় AFSA ও বিএসইসি এর মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি ও পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে একসাথে কাজ করার আশাবাদ ব্যক্ত করা হয়। কাজাখস্তানের উক্ত প্রতিনিধি দল বিএসইসি চেয়ারম্যানকে দ্বিতীয় মেয়াদে APRC কমিটির ভাইস-চেয়ার হিসেবে নিয়োগপ্রাপ্ত হওয়ায় অভিনন্দন জ্ঞাপন করেন। বিএসইসি চেয়ারম্যান বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রা এবং সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরেন এবং পুঁজিবাজারের উন্নয়নে বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ উল্লেখ করেন।

এছাড়াও এবারের IOSCO এর বার্ষিক সভায় IOSCO এর "Growth and Emerging Markets Committee" এর ২০২৪ সালের বার্ষিক সভা ও কনফারেন্স অনুষ্ঠানের জন্য আয়োজক হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-কে মনোনীত করা হয়েছে।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


IOSCO
GREECE 2024
IOSCO GENERAL SECRETARIAT
ACTING SECRETARY GENERAL
GEMC CHAIRMAN
GEMC VICE-CHAIRMAN
IOSCO
GREECE 2024


IOSCO






IOSCO
GREECE 2024
IOSCO
GREECE 2024
SRI LANKA
(SEC)
INDONESIA
(OJK)
JAPAN
(FSA)


IOSCO
GREECE 2024
APRIC CHAIRMAN
BOARD CHAIRMAN
APRIC VICE CHAIR
BANGLADESH (BSEC)


APHRODITE I - II
IOSCO LUNCH